ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০১৬

খোয়াই, ২৪ সেপ্টেম্বর, ২০২৫

**আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা জেলা কার্যালয়ের উদ্যোগে গতকাল জেলা শাসক কার্যালয়ে সভাকক্ষে খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অর্পণা সিংহ রায়-এর (দত্ত) সভাপতিত্বে আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় জিলা সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) আলোচনায় অংশ নিয়ে অনুষ্ঠানকে সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে আয়োজন করতে সকলের প্রতি আহ্বান জানান। সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহকারী সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপা দেব, অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ১০ অক্টোবর খোয়াই'র নতুন টাউন হলে জেলাভিত্তিক আন্তর্জাতিক প্রবীণ দিবস পালন করা হবে। অনুষ্ঠান উপলক্ষে জেলার ৪ জন প্রবীণ নাগরিককে সম্মাননা দেওয়া হবে। এরমধ্যে রয়েছে জেলা ৯০ উর্দ্ধ প্রবীণ সম্মান, ৭০ উর্দ্ধ জেলা শ্রেষ্ঠ প্রবীণ কর্মজীবন সম্মান, ৬০ উর্দ্ধ জেলা শ্রেষ্ঠ প্রবীণ সৃজন কলা সম্মান ও ৬০ উর্দ্ধ জেলা শ্রেষ্ঠ প্রবীণ সাহসিকতা সম্মান। বিভিন্ন নথির সেলফ অ্যাটেস্টেড কপি সহ আবেদনপত্র আগামী ২৫ সেপ্টেম্বরের মধ্যে অফিস চলাকালিন সময়ে জেলা সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা পরিদর্শকের কার্যালয়ে জমা দিতে হবে।

প্রবীণ নাগরিকদের মর্যাদা ও অধিকার সুরক্ষায় দ্য মেন্টিনেন্স এন্ড ওয়েলফেয়ার অব পেরেন্টস এন্ড সিনিয়র সিটিজেন এক্ট, ২০০৭ এন্ড রোলস দেয়ার অফার এর বিষয়ে আসন্ন দুর্গাপূজায় যে সব ক্লাব, সংগঠন ও বারোয়াড়ি পূজা কমিটি পূজা মন্ডপে প্রচার সজ্জার মাধ্যমে জন সাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করবে, সেই সমস্ত ক্লাব, সংগঠন, বারোয়াড়ি পূজা কমিটির মধ্যে জেলাভিত্তিক পুরস্কার প্রদান করা হবে। এতে প্রথম পুরস্কার হিসেবে ২০ হাজার টাকা, স্মারক ও শংসাপত্র, দ্বিতীয় পুরস্কার হিসেবে ১৫ হাজার টাকা, স্মারক ও শংসাপত্র তৃতীয় পুরস্কার ১০ হাজার টাকা, স্মারক ও শংসাপত্র প্রদান করা হবে। বৈঠকে উপস্থিত ছিলেন, স্বাস্থ্য, শিক্ষা, তথ্য ও সংস্কৃতি সহ সিনিয়র সিটিজেন ফোরাম এর সদস্যগণ, সিডিপিওগণ প্রমুখ।

*****